# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জাহান্নামীদেরকে নিয়ে জান্নাতীদের হাসি

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জাহান্নামীদেরকে নিয়ে জান্নাতীদের হাসি

পৃথিবীতে কত অসৎ মানুষ সৎ মানুষদেরকে নিয়ে ব্যঙ্গ-বিদ্রুপ করে, তাদেরকে বেওকুফ ভাবে, তাদেরকে নিয়ে হাসাহাসি করে, কত টিস্ মারে, কত কুমন্তব্য করে। কিন্তু পরকালে তারাই হবে হাসির পাত্র। আজ যাদেরকে পাগল ভাবা হয়, কাল তারাই হবে রাজা।

মহান আল্লাহ বলেন, যারা অপরাধী তারা মুমিনদেরকে নিয়ে উপহাস করত এবং তারা যখন মুমিনদের নিকট দিয়ে যেত, তখন চোখ টিপে ইশারা করত এবং যখন তারা আপনজনের নিকট ফিরে আসত, তখন তারা ফিরত উৎফুল্ল হয়ে এবং যখন তাদেরকে দেখত, তখন বলত,

إِنَّ هَٰؤُلَاءِ لَضَالُّونَ

এরাই তো পথভ্রষ্ট। অথচ তাদেরকে তো এদের সংরক্ষকরূপে পাঠানো হয়নি! আজ তাই মুমিনগণ উপহাস করবে কাফেরদেরকে নিয়ে। সুসজ্জিত আসনে বসে তারা দেখতে থাকবে। কাফেররা যা করত, তার ফল তারা পেল তো? (মুত্বাফফিফীনঃ ২৯-৩৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12205

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন